# REGIONAL NEWS UNIT
# ALL INDIA RADIO, AGARTALA
# Date : 16-11-2025
# Time: 07.35-07.40 AM Hrs
# BENGALI MORNING BULLETIN

---

## PM-PADMABIL EKALABYA SCHOOL OPENING :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ভার্চ্যুয়ালি গতকাল পদ্মবিল ব্লকের আখড়াবাড়িতে ৪৮০ আসন বিশিষ্ট একলব্য মডেল রেসিডেন্সিয়াল স্কুলের উদ্বোধন করেন। এ উপলক্ষ্যে বিদ্যালয় প্রাঙ্গনে এক অনুষ্ঠানে বিধায়ক রঞ্জিত দেববর্মা বলেন, জনজাতি অংশের ছেলেমেয়েদের শিক্ষার মানোন্নয়নে একলব্য মডেল রেসিডেন্সিয়াল স্কুল ভবন নির্মান একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ | এই বিদ্যালয়টি খোয়াই জেলার শিক্ষাক্ষেত্রে নতুন দিগন্তের সূচনা করবে | অনুষ্ঠানে উপস্থিত ছিলেন TTAADC`র কার্যনির্বাহী সদস্য সোহেল দেববর্মা, পদ্মবিল ব্লক উপদেষ্টা কমিটির চেয়ারম্যান প্রশান্ত দেববর্মা প্রমুখ | উল্লেখ্য, এই বিদ্যালয়ের নির্মান কাজে ৪৮ কোটি টাকা ব্যয় হয়েছে |

**************************

## PROMO  FEST OPENING :

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু বলেছেন, জাতি ও জনজাতি অংশের মানুষের মিলনস্থল হচ্ছে ত্রিপুরা। তাঁদের নিজস্ব কৃষ্টি ও সংস্কৃতির প্রসারের পাশাপাশি পর্যটন শিল্পের বিকাশে ইউনিটি প্রমো ফেস্ট এক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। এই ধরনের অনুষ্ঠানের মাধ্যমে রাজ্যের পর্যটন কেন্দ্রগুলির প্রচার ও প্রসার ঘটবে। পর্যটন দপ্তরের উদ্যোগে বিলোনীয়ার ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর

মহাবিদ্যালয় মাঠে দু'দিনব্যাপী ইউনিটি প্রমো ফেস্টের উদ্বোধন করে গতকাল একথা বলেন রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু।

তিনি আরো বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি উত্তর পূর্বাঞ্চলের রাজ্যগুলির পর্যটন কেন্দ্রগুলির প্রচার ও প্রসারে বিশেষ গুরুত্ব দিয়েছেন। উত্তর পূর্বাঞ্চলের রাজ্যগুলির পর্যটনের সম্ভাবনাময় ক্ষেত্রগুলিকে দেশের বিভিন্ন রাজ্যে প্রদর্শনীর মাধ্যমে তুলে ধরা হচ্ছে। ফলে উত্তর পূর্বাঞ্চলের রাজ্যগুলিতে দিন দিন পর্যটকের আগমন বাড়ছে। রাজ্যেও পর্যটন দপ্তর বছর ব্যাপী দেশ বিদেশের পর্যটকদের আকর্ষণে বিভিন্ন নতুন নতুন উদ্যোগ গ্রহণ করে চলেছে।

অনুষ্ঠানে পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী বলেন, জাতি-জনজাতি অংশের মানুষের মিশ্র সংস্কৃতির বিকাশ এবং রাজ্যের পর্যটন শিল্পের প্রসারে ইউনিটি প্রমো ফেস্ট চালু করা হয়েছে। গত বছর ৪টি জেলায় প্রমো ফেস্ট অনুষ্ঠানে ব্যাপক উৎসাহ এবং উদ্দীপনার ফলে এবছর দক্ষিণ ত্রিপুরা ও গোমতী জেলাকে সংযোজন করে মোট ৬টি জেলায় দু'দিনব্যাপী ইউনিটি প্রমো ফেস্ট করা হচ্ছে। রাজ্যের কৃষ্টি ও সংস্কৃতিকে দেশ বিদেশে তুলে ধরার পাশাপাশি রাজ্যে পর্যটন শিল্পের মাধ্যমে রোজগার সৃষ্টির উদ্দেশ্য নিয়ে প্রমো ফেস্ট করা হচ্ছে। এই ধরনের অনুষ্ঠানের মাধ্যমে রাজ্যের পর্যটন কেন্দ্রগুলির প্রচার ও প্রসার ঘটবে এবং কর্মসংস্থান সৃষ্টির পাশাপাশি রোজগারের সুযোগ সৃষ্টি হবে। পরে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান হয়।

************************

**PM, Surat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতকাল বিকেলে গুজরাটের আদিবাসী অধ্যুষিত নর্মদা জেলার দেদিয়াপাড়া শহরে ৯,৭০০ কোটি টাকারও বেশি মূল্যের উন্নয়ন

প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করেছেন। এই প্রকল্পগুলি পরিকাঠামো, স্বাস্থ্য, শিক্ষা এবং ঐতিহ্যের উপর, বিশেষ করে আদিবাসী ক্ষমতায়নের উপর লক্ষ্য রেখে পরিকল্পনা করা হয়েছে। কিংবদন্তি আদিবাসী নেতা এবং স্বাধীনতা সংগ্রামী ভগবান বিরসা মুন্ডার ১৫০ তম জন্মবার্ষিকী, জনজাতীয় গৌরব দিবস উপলক্ষে এই প্রকল্পগুলি চালু করা হয়। এই উপলক্ষে এক সমাবেশে প্রধানমন্ত্রী মোদী বলেন, হাজার হাজার বছর ধরে ভারতের চেতনার অবিচ্ছেদ্য অংশ হয়ে উঠেছে আদিবাসী গর্ব।

*********************

**SEC – Tripura :**

রাজ্য নির্বাচন কমিশনার হিসেবে শরদিন্দু চৌধুরীর কার্যকালের মেয়াদ শেষ হয়েছে। এই পরিপ্রেক্ষিতে রাজ্য সরকারের সুপারিশে রাজ্যপাল ইন্দ্র সেনা রেড্ডি নাল্লু অবসরপ্রাপ্ত আই এ এস মনোজ কুমার কে রাজ্য নির্বাচন কমিশনার পদে নিযুক্ত করেছেন। পঞ্চায়েত দপ্তরের সচিব অভিষেক সিং গতকাল এই নিয়োগ সংক্রান্ত বিজ্ঞপ্তি জারি করেছেন।

********************

**NATIONAL PRESS DAY :**

আজ জাতীয় প্রেস ডে | দিনটি উদযাপনের লক্ষ্যে সরকারী স্তরে মূল অনুষ্ঠান হবে আগরতলার সুকান্ত একাডেমি অডিটোরিয়ামে | ICA দপ্তরের উদ্যোগে এই অনুষ্ঠানের উদ্ভোধক ও প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা |

********************

**Biplab Kumar Deb :**

কেন্দ্রীয় সড়ক পরিবহন ও মহাসড়ক মন্ত্রক রাজ্যে NHIDCL এর অধীনে চলমান ১৩টি প্রকল্পের গুণমান নিশ্চিত করে কাজগুলিকে দ্রুত সম্পন্ন করার বিষয়টিতে অগ্রাধিকার দিয়েছে| কেন্দ্রীয় সড়ক পরিবহন ও মহাসড়ক মন্ত্রী নীতিন গড়করি এক চিঠিতে এই বিষয়টি সাংসদ বিপ্লব কুমার দেবকে অবহিত করেছেন| সাংসদ শ্রী দেব এরজন্য কেন্দ্রীয় মন্ত্রী শ্রী গড়করিকে ধন্যবাদ জানিয়েছেন|

********************

**RANJI TROPHY :**

ত্রিপুরা ও রেলওয়ের মধ্যে রঞ্জি ট্রফির চারদিনের খেলা আজ থেকে শুরু হচ্ছে | এই ম্যাচটি গুজরাটের ভালসাদের সর্দার প্যাটেল স্টেডিয়ামে হবে৷ এ পর্যন্ত চারটি করে ম্যাচ খেলে ত্রিপুরা ৬ ও রেলওয়ে ৪ পয়েন্ট সংগ্রহ করেছে৷

*****************

**COOCH BIHAR TROPHY :**

ত্রিপুরা ও হরিয়ানার মধ্যে কোচ বিহার ট্রফি অনুর্ধ্ব ১৯ বছরের ক্রিকেটের চারদিনের খেলা আজ থেকে শুরু হচ্ছে | MBB স্টেডিয়ামে এই খেলাটি হবে |

*******************

**Weather :**

আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালে হালকা কুয়াশা পড়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩০ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৭ ডিগ্রী সেলসিয়াস।

******************

*******************